প্রথম আলো

তারিখ ...24 MAR 2012...

# অনুমোদন ছাড়াই চলছে ৬১ বিদেশি উচ্চশিক্ষা-প্রতিষ্ঠান

মোশতাক আহমেদ ●

শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুমোদন ছাড়াই দেশে ৬১টি বিদেশি উচ্চশিক্ষা-প্রতিষ্ঠানের কার্যক্রম চলছে। শাখা, শিক্ষাকেন্দ্র ও কোচিং সেন্টারের নামে এসব প্রতিষ্ঠানের কার্যক্রম চলছে। অবশ্য এর মধ্যে পাঁচটি প্রতিষ্ঠান বিনিয়োগ বোর্ডের অনুমোদনে এবং সাতটি আদালতের আদেশে পরিচালিত হচ্ছে।

শিক্ষা কার্যক্রম পরিচালনায় শিক্ষাসংশ্লিষ্ট দপ্তরের অনুমোদনের প্রয়োজন হলেও এসব বিদেশি প্রতিষ্ঠান তা ছাড়াই শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। এ অবস্থায় শিক্ষা মন্ত্রণালয় অনুমোদনহীন এসব প্রতিষ্ঠানের একটি তালিকা করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, তালিকাটি যাচাই-বাছাই শেষে তা আদালতে উপস্থাপন করা এবং আদালতের আদেশ সাপেক্ষে জনগণকেও জানানো হবে।

জানতে চাইলে শিক্ষাসচিব কামাল আবদুল নাসের চৌধুরী *প্রথম আলোকে* বলেন, 'আমরা তালিকাটি যাচাই-বাছাই করছি। এ জন্য আদালত আমাদের চার সপ্তাহ সময় দিয়েছেন। এরপর আদালতের নির্দেশনা অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেব।'

**৪৯টি একেবারেই অননুমোদিত :** শিক্ষা মন্ত্রণালয়ের তালিকাভুক্ত ৬১টি প্রতিষ্ঠানের মধ্যে ৪৯টির কোনো পর্যায়েই অনুমোদন নেই। এগুলো হলো : ওয়ার্ল্ড ইউনিভার্সিটি বাংলাদেশ (সংশ্লিষ্ট বিদেশি প্রতিষ্ঠান ওয়ার্ল্ড ইউনিভার্সিটি, ইউএসএ), নর্থ আমেরিকান ইউনিভার্সিটি, ম্যানট্রাস্ট ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, গ্রীনড্যাল ইউনিভার্সিটি, হেডওয়ে ইনস্টিটিউট অব বাংলাদেশ, ন্যাশনাল ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ইনফরমেশন সায়েন্স, জিইএসএ বাংলাদেশ, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি স্টাডি সেন্টার, এলডোরাডো, নিউরাল ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি, সেন্টার ফর ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট (সিএমডি), নিউ ক্যাসল ল একাডেমি, ম্যাপললিফ ইন্টারন্যাশনাল সেন্টার ফর হায়ার স্টাডিজ ইনস্টিটিউট অব ল, পারদানা কলেজ অব মালয়েশিয়া, এনভায়রনমেন্ট, এগ্রিকালচার অ্যান্ড ডেভেলপমেন্ট সার্ভিসেস লিমিটেড (ইএডিএস), ওয়ার্ল্ড ইনস্টিটিউট অব বিজনেস অ্যান্ড টেকনোলজি, ফরেন এডুকেশন সার্ভিসেস বাংলাদেশ, অস্ট্রেলিয়া ইনস্টিটিউট অব বিজনেস টেকনোলজি, গ্লোবাল ইনস্টিটিউট অব রিসোর্সেস ম্যানেজমেন্ট (জিআইআরএম), দ্য প্রোগ্রেসিভ মেরিটোক্রেসি লিমিটেড, জেমস কুক ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব বালারত, রয়েল রোডস ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব হনলুলু বাংলাদেশ, ক্যাম্পব্রিয়ান কলেজ-কানাডা, দ্য ল টিউটরস, ব্রিটিশ স্কুল অব ল, সর্ফট-অ্যান্ড লিমিটেড, আটলান্টিক ন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব লন্ডন, ঢাকা সেন্টার ফর ল অ্যান্ড ইকোনমিকস, ইউনিভার্সিটি অব নর্থ আমেরিকা, ইউনিভার্সিটি অব ওলনগং অস্ট্রেলিয়া, অ্যাজাম্পশন ইউনিভার্সিটি, লন্ডন স্কুল অব কমার্স, সেন্ট্রাল ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল টেকনোলজি, নিউরাল সিস্টেম লিমিটেড, ড্যাফোডিল ইনস্টিটিউট অব আইটি, আইবিসিএস প্রিমেক্স লিমিটেড, এসএএফএস (সাফস) ইন্টারন্যাশনাল, বাংলাদেশ ইনস্টিটিউট অব আর্টস ডিজাইন অ্যান্ড টেকনোলজি, এসআরজিবিএইসি সেন্টার বাংলাদেশ স্টাডিজ, সিএটি এসিসিএ প্রিস্টন ইউনিভার্সিটি, ভূঁইয়া ইনস্টিটিউট অব টেকনোলজি, আমেরিকান ওয়ার্ল্ড ইউনিভার্সিটি, এডওয়ার্ড ইউনিভার্সিটি-ইউএসএ, লন্ডন কলেজ অব লিগ্যাল স্টাডিজ, ডেল্টা স্কুল অব বিজনেস ও চেনসেরি একাডেমি অব ইংলিশ ল।

**বিনিয়োগ বোর্ডের অনুমোদন পাঁচটির :** বিনিয়োগ বোর্ডের অনুমোদন নিয়ে চলছে যে পাঁচটি প্রতিষ্ঠান সেগুলো হলো : দ্য সিটি স্কুল (প্রা.) লিমিটেড, লন্ডন স্কুল অব সায়েন্স টেকনোলজি, লন্ডন মেট্রোপলিটন ইউনিভার্সিটি, এলসিবিএস প্রফেশনাল টিউশন লিমিটেড এবং লন্ডন একাডেমি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি লিমিটেড।

**আদালতের আদেশে চলছে সাতটি :** আদালতের আদেশে চলছে যে সাতটি বিদেশি প্রতিষ্ঠান সেগুলো হলো : ভূঁইয়া একাডেমি, দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব নিউ ক্যাসল, এশিয়ান সেন্টার ফর ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি-ইউএসএ, আমেরিকান ওয়ার্ল্ড ইউনিভার্সিটি এবং গ্লোবাল ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (জিআইএসটি) ফাউন্ডেশন।